# Sydenham থেকে Bankstown পর্যন্ত ট্রেন লাইন আপগ্রেড
## Southwest Link বাস সার্ভিস




**সিডনি মেট্রো তৈরি করার জন্য Sydenham ও Bankstown-এর মধ্যবর্তী স্টেশনগুলো 12 মাসের জন্য বন্ধ থাকবে। এই সময়কালে Sydenham ও Bankstown-এর মধ্যবর্তী ট্রেনগুলোকে Southwest Link বাস প্রতিস্থাপন করবে।**

### Southwest Link কী?

Southwest Link হলো মেট্রোর মানদণ্ড পূরণ করার জন্য T3 Bankstown লাইন আপগ্রেড করার কাজ চলাকালীন সময়ে যাত্রীরা যাতে ভ্রমণ করা অব্যাহত রাখতে পারেন সে বিষয়টি নিশ্চিত করার জন্য Sydenham ও Bankstown ট্রেন স্টেশনের মধ্যে অত্যন্ত ঘন ঘন চলাচলকারী একটি নিবেদিত বাস সার্ভিস।

**Southwest Link-এর মূল ফিচারগুলোর মধ্যে রয়েছে:**

- তিনটি নিবেদিত বাস রুট
- প্রতিদিন সকালে ভোর থেকে শুরু করে গভীর রাত পর্যন্ত ঘন ঘন সার্ভিস, যেখানে কিছু রুটে পিক সময়কালে প্রতি দুই থেকে চার মিনিট অন্তর একটি বাস ছাড়ে
- সব স্টপেজে থামা এবং সীমিত সংখ্যক স্টপেজে থামার সার্ভিসের একটি মিশ্রণ।

Southwest Link একটি একীভূত পরিবহন পরিকল্পনার অংশ।

### এই একীভূত পরিবহন পরিকল্পনা কী?

এই একীভূত পরিবহন পরিকল্পনা হলো T3 Bankstown লাইন রূপান্তরের কাজ চলাকালীন সময়ে যাত্রীদেরকে তাদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে পৌঁছাতে সাহায্য করার জন্য লভ্য থাকা বিকল্প সব পরিবহনের অপশন।

যাত্রীরা নিম্নলিখিত অপশনগুলো থেকে বেছে নিতে পারবেন:

- Southwest Link বাস
- Sydenham-এ উপস্থিত হয়েই যাত্রা শুরু করার জন্য মেট্রো সার্ভিস
- স্থানীয় বাস
- ট্রেন
- লাইট রেল
- সাইক্লিং ও হাঁটার রুট।

### Southwest Link কখন শুরু হয়েছে এবং এটি কতদিন কার্যক্রম পরিচালনা করবে?

Southwest Link-এর বাসগুলো 30 সেপ্টেম্বর 2024 তারিখে শুরু হয়েছে এবং মেট্রোর রূপান্তরের কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত 12 মাস ধরে কার্যক্রম পরিচালনা করবে।

### Southwest Link বাসে বিনামূল্যে ভ্রমণ

T3 Bankstown লাইন রূপান্তরের চূড়ান্ত কাজ চলাকালীন সময়ে সব যাত্রী Southwest Link বাসগুলোতে বিনামূল্যে ভ্রমণ করতে পারবেন।

তারপরেও নিয়মিত ট্রেন, বাস, ফেরি, ও লাইট রেল পরিষেবাগুলোতে সব ভ্রমণের ক্ষেত্রে ভাড়া পরিশোধ করতে হবে। এর মধ্যে Bankstown থেকে Lidcombe স্টেশনকে সংযুক্ত করা নতুন T6 ট্রেন পরিষেবাগুলো অন্তর্ভুক্ত রয়েছে।

তারপরেও বহুমুখী ছাড় সহ Opal সুবিধাসমূহ এবং সাপ্তাহিক ভ্রমণের সীমা প্রযোজ্য হবে।

### Southwest Link পরিষেবাগুলো কি হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য হবে?

হ্যাঁ। Southwest Link-এর সব রুটে নিচু ফ্লোরবিশিষ্ট হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য বাসগুলো পরিষেবা প্রদান করবে।

Southwest Link-এর বাস স্টপগুলো প্রতিটি স্টেশনের কাছাকাছি রাস্তায় অবস্থিত হওয়ায়, অ্যাক্সেসযোগ্যতার চাহিদা থাকা যাত্রীদের উচিত নিজেদের বাস স্টপে যাওয়ার জন্য ভ্রমণের সেরা পথ নির্ধারণ করতে আগেই পরিকল্পনা করে রাখা।

### আপগ্রেড চলাকালীন সময়ে কি আমার ভ্রমণের সময় বেড়ে যাবে?

হ্যাঁ। এই আপগ্রেড চলাকালীন সময়ে যাত্রীদের উচিত Sydenham ও Bankstown-এর মধ্যে নিজেদের যাত্রার জন্য বাড়তি সময় হাতে রাখা।

### কিভাবে আমি আমার Southwest Link-এর ট্রিপগুলোর পরিকল্পনা করতে পারি?

transportnsw.info/trip ওয়েবসাইটে গিয়ে যাত্রীরা Southwest Link পরিষেবাগুলোতে নিজেদের ভ্রমণের পরিকল্পনা করতে পারবেন এবং সেইসাথে অন্যান্য উপযুক্ত পরিবহনের অপশন এক্সপ্লোর করতে পারবেন

# Sydenham থেকে Bankstown পর্যন্ত ট্রেন লাইন আপগ্রেড
## Southwest Link বাস সার্ভিস

### Southwest Link বাস চলাকালীন সময়ে কি পার্কিংয়ের ক্ষেত্রে পরিবর্তন আসবে?

হ্যাঁ। 12 মাসের চূড়ান্ত রূপান্তর চলাকালীন সময়ে বাসগুলোকে দক্ষতার সঙ্গে কার্যপরিচালনা করার সুযোগ দিতে প্রভাবিত ট্রেন স্টেশনগুলোর কাছাকাছি পার্কিংয়ের ব্যবস্থা পরিবর্তন করার প্রয়োজন হবে।

### আমি কি Southwest Link বাসে আমার বাইক নিয়ে যেতে পারবো?

Southwest Link বাসগুলোতে বাইসাইকেল নেওয়া যাবে না কারণ অন্য যাত্রীদের জন্য অসুবিধা বা সম্ভাব্য বিপদ সৃষ্টি না করে সেগুলো ভাঁজ করে রাখা কঠিন।

### Sydenham ও Bankstown-এর মধ্যকার T3 Bankstown লাইন কেন আপগ্রেড করা হচ্ছে?

2025 সাল থেকে শুরু করে মেট্রোর যাত্রীদেরকে দ্রুত পরিষেবা প্রদানের সক্ষমতা অর্জনের জন্য মেট্রোর মানদণ্ড পূরণ করার জন্য Sydenham ও Bankstown-এর মধ্যকার T3 Bankstown লাইন আপগ্রেড করা হচ্ছে।

সিডনি ট্রেন পরিষেবার ট্রেন চলাচল বন্ধ হওয়ার পরেই কেবল চূড়ান্ত আপগ্রেডের কাজ শুরু করা যাবে। এর মধ্যে Bankstown স্টেশনে সিডনি ট্রেন ও মেট্রো পরিষেবাগুলোকে পৃথক করার কাজ, স্টেশনের আপগ্রেড সম্পন্ন করা, প্ল্যাটফর্ম স্ক্রিন ডোর স্থাপন করা, ওভারহেড ওয়্যারিং, চূড়ান্ত ট্র্যাক অ্যালাইনমেন্টের কাজ, ট্রেন পরীক্ষা ও কমিশনিং ক্রিয়াকলাপ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

### চূড়ান্ত রূপান্তরের সময়কালে কি ট্রাফিক জ্যাম বেড়ে যাবে?

Sydenham ও Bankstown-এর মধ্যবর্তী উপশহরাঞ্চল জুড়ে সড়কগুলোতে বর্তমানে ট্রাফিক জ্যাম দেখা দিয়েছে, বিশেষকরে পিক সময়কালে।

এই সাময়িক ব্যাঘাত চলাকালীন সময়ে ট্রাফিকের প্রবাহ অপ্টিমাইজ করার জন্য Transport for NSW করিডর ব্যবস্থাপনার সক্রিয় প্রচেষ্টাসমূহ বাস্তবায়ন করবে। এর মধ্যে ব্যস্ত ইন্টারসেকশনগুলোতে ট্রাফিক লাইট অপ্টিমাইজ করা এবং Canterbury Road সহ গুরুত্বপূর্ণ করিডরগুলোতে টো ট্রাক ব্যবহার করা অন্তর্ভুক্ত রয়েছে।

### Bankstown-এর পশ্চিমে অবস্থিত ট্রেন স্টেশনগুলোর জন্য পরিবর্তনগুলো কী কী?

Bankstown-এর পশ্চিমে থাকা যাত্রীরা যাতে ট্রেন পরিষেবাগুলোর অব্যাহত অ্যাক্সেস পান সে বিষয়টি নিশ্চিত করতে একটি নতুন সময়সূচি প্রকাশ করা হবে।

#### T3 Liverpool এবং Inner West লাইন

Liverpool থেকে Bankstown হয়ে City Circle পর্যন্ত চলাচলকারী ট্রেন সার্ভিসগুলো এখন নতুন T3 Liverpool এবং Inner West লাইনে Regents Park ও Lidcombe-এর মধ্য দিয়ে Sydney CBD-তে পৌঁছাবে। এতে Berala, Regents Park, Carramar, Villawood, Leightonfield, Chester Hill ও Sefton থেকে Sydney CBD পর্যন্ত একটি সরাসরি সার্ভিস বজায় থাকবে।

#### T6 Lidcombe এবং Bankstown লাইন

Lidcombe ও Bankstown-এর মধ্যে একটি নতুন ট্রেন সার্ভিস চলছে। যাত্রীরা এখন Sydney CBD, Liverpool অথবা Bankstown-এ যাওয়ার সার্ভিসগুলো অ্যাক্সেস করার জন্য নতুন T6 Lidcombe এবং Bankstown লাইন এবং Regents Park-এর মধ্য দিয়ে যাওয়া T3 Liverpool এবং Inner West লাইনের মধ্যে একটি থেকে অন্যটিতে পরিবর্তন করতে পারবেন। লভ্য হলে পরিবহন বিভাগ আরো বিস্তারিত তথ্য শেয়ার করবে।


#### ট্রেন প্রতিস্থাপনকারী বাস

চূড়ান্ত রূপান্তরের কাজ চলাকালীন সময়ে, ট্র্যাক আপগ্রেড করা এবং রক্ষণাবেক্ষণ ক্রিয়াকলাপ সম্পন্ন করার সুযোগ দিতে Lidcombe এবং Bankstown-এর মধ্যবর্তী T6 লাইনের ট্রেনগুলোকে বাস দিয়ে প্রতিস্থাপন করা হবে।

### Erskineville এবং St Peters-এর যাত্রীদের জন্য পরিবর্তনগুলো কী কী?

T8 Airport ও South লাইনে Sydney CBD-তে যাতায়াত করার জন্য Erskineville এবং St Peters-এর যাত্রীদের সরাসরি পরিষেবা পাওয়া অব্যাহত থাকবে।

### Southwest Link বাস সার্ভিস




### Southwest Link বাস সার্ভিস কত ঘন ঘন চলাচল করবে

পিক সময়কালে
**প্রতি 2 থেকে 4 মিনিট অন্তর**

দিনের বেশিরভাগ সময়জুড়ে কমপক্ষে
**প্রতি 10 মিনিট অন্তর**


গভীর রাতে
**কমপক্ষে প্রতি 15 মিনিট অন্তর**

NSW GOVERNMENT Transport

সিডনি মেট্রো তৈরির জন্য কাজ করা

# Sydenham থেকে Bankstown পর্যন্ত ট্রেন লাইন আপগ্রেড
## Southwest Link বাস সার্ভিস

## 30 সেপ্টেম্বর 2024 তারিখ থেকে নেটওয়ার্কের পরিবর্তনসমূহ




## আমি কিভাবে অবহিত থাকতে পারি?

এই আপগ্রেড চলাকালীন সময়ে Southwest Link এবং অন্যান্য উপযুক্ত পরিবহনের অপশন সম্পর্কে অবহিত থাকতে এবং সময়মতো আপডেট পেতে, **transportnsw.info/southwestlink** ওয়েবসাইট দেখুন।

NSW GOVERNMENT Transport

সিডনি মেট্রো তৈরির জন্য কাজ করা